

নম্বর: ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.৬৫৮

তারিখ: ৭ আশ্বিন ১৪২৬
২২ সেপ্টেম্বর ২০১৯

পরিপত্র

বিষয়: আমন '১৮-১৯ সহ পুরাতন চাল নিষ্পত্তিকরণ।

১১/০৯/২০১৯ খ্রি. তারিখের জাতীয় সাপ্তাহিক মজুত প্রতিবেদন অনুযায়ী খাদ্য অধিদপ্তরাধীন বিভিন্ন এলএসডি/সিএসডিসমূহে পুরাতন চালের মোট মজুতের পরিমাণ ২,৩৭,৪৬৪ মে.টন। এসকল চালের মজুতকাল ইতিমধ্যে ৮/৯ মাস অতিক্রান্ত হয়েছে। মজুত পুরাতন চালের গুণগতমান অক্ষুণ্ণ থাকা অবস্থায় বিভিন্ন খাতে অগ্রাধিকারভিত্তিতে বিলি-বন্টন করা প্রয়োজন। সেপ্টেম্বর/১৯ হতে নভেম্বর/১৯ এর মধ্যে খাদ্য বাস্কব ভিজিএফ, ভিজিডি, ইপি-ওপিসহ বিভিন্ন খাতে সমুদয় আমন '১৮-১৯ সহ পুরাতন চাল বিতরণের সম্ভাবনা আছে। এমতাবস্থায়, আমন '১৮-১৯ সহ মজুত পুরাতন চাল আইআরটিসি/ডিআরটিসি এর মাধ্যমে সূচি জারি করে সুষম বন্টন করে দ্রুত নিষ্পত্তি করা প্রয়োজন। এক্ষেত্রে, নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করার জন্য অনুরোধ করা হলোঃ

(১) ওয়ারেন্ট অনুসারে আমন '১৮-১৯ চালসহ অন্যান্য পুরাতন চাল বিলি-বন্টন নিশ্চিত করতে হবে। ওয়ারেন্ট যেমন এলএসডি/সিএসডি/ওয়ারহাউজের বেলায় অনুসরণযোগ্য, তেমনি জেলায় ও বিভাগের অভ্যন্তরেও অনুসরণযোগ্য। কোন এলএসডিতে পুরাতন চাল না থাকলে জেলা খাদ্য নিয়ন্ত্রকগণ স্ব স্ব আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের নিকট চাহিদা পত্র পেশ করবেন এবং আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ বিভাগের অভ্যন্তরে পুরাতন চালের মজুত বিবেচনা করে প্রয়োজনীয় সূচি জারি করবেন এবং বিভাগে পুরাতন চালের মজুত নিঃশেষ হওয়ার পর বোরো '১৯ চাল বিতরণ করা যেতে পারে;

(২) জেলার কোন এলএসডি/সিএসডিতে চাহিদার অতিরিক্ত আমন '১৮-১৯ চালসহ পুরাতন চালের মজুত থাকা অবস্থায় অন্য এলএসডি/সিএসডি হতে উল্লেখযোগ্য হারে বোরো '১৯ চাল বিলি-বিতরণ না করা হয়, সে বিষয়ে জেলা খাদ্য নিয়ন্ত্রকগণ লক্ষ্য রাখবেন। এ ক্ষেত্রে জেলা খাদ্য নিয়ন্ত্রকগণ অভ্যন্তরীণ চলাচলসূচি প্রণয়ন করে পুরাতন চালের সুষম বন্টন করবেন। অনুরূপভাবে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ তাঁর অঞ্চলের মধ্যে উদ্ভূত জেলাসমূহ হতে ঘাটতি জেলাসমূহে আমন '১৮-১৯ চালসহ পুরাতন চালের চলাচলসূচি জারি করবেন;

(৩) আমন '১৮-১৯ চালসহ পুরাতন চাল বিলি-বিতরণের ক্ষেত্রে কোন খাতেই কীটাক্রান্ত, ধূসর বর্ণ ও নিম্নমানের চাল বিলি-বিতরণ করা যাবে না; কারিগরি খাদ্য পরিদর্শক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক(কারিগরি) পুরাতন চালের খামাল পুনঃপরিদর্শন করে খাদ্যশস্যের গুণগতমান যাচাই করবেন এবং কোন খাদ্যশস্যের মান অবনমন ঘটে থাকলে সেক্ষেত্রে মান অবনমনের জন্য কেউ দায়ী কিনা তা তদন্ত করে জেলা খাদ্য নিয়ন্ত্রক/আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক ও খাদ্য অধিদপ্তরকে অবহিত করবেন;

(৪) কোন অবস্থাতেই বিনির্দেশ বহির্ভূত খাদ্যশস্য, পরিবহণ ঠিকাদারদের পরিবহণে বাধ্য করা যাবে না এবং নভেম্বর ২০১৯ এর মধ্যে এলএসডি/সিএসডিসমূহে আমন '১৮-১৯ চালসহ পুরাতন চাল বিলি বিতরণপূর্বক নিঃশেষ করতে হবে।



২২-৯-২০১৯

ড. মোছাম্মাৎ নাজমানারা খানুম
মহাপরিচালক

বিতরণ:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রংপুর/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট
- ৩) সাইলো অধীক্ষক, সান্তাহার সাইলো, বগুড়া
- ৪) সকল পরিচালক
- ৫) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক(সকল)
- ৬) সাইলো সুপার (সকল)